**Bhavan's Tripura Vidyamandir**

1st Quarterly Test : (2025-26)

**Class: - 12** **Subject: - Bengali**

Time: - 2 Hours Total: - 50 Marks

Name of the Student: Roll : Section:

---

## SECTION A (Reading) Comprehension

**১. নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখো।** **২(১×৫)=১০**

**(ক)** প্রায় দেড় শত বছর পূর্বে ইতালি দেশে গ্যালভানি নামে একজন অধ্যাপক দেখতে পেলেন যে, লোহা ও তামার তার দিয়ে মরা ব্যাঙকে স্পর্শ করলে ব্যাঙ নড়ে ওঠে। তিনি অনেক বছর ধরে এই ঘটনাটি সম্পর্কে তথ্য অনুসন্ধান করতে লাগলেন। এই সামান্য বিষয়টা নিয়ে এত সময়ের অপব্যয় দেখে অনেক লোক তাকে নিয়ে হাসাহাসি করতে শুরু করলো। তাঁর নাম দেওয়া হল 'ব্যাঙ নাচানো অধ্যাপক'। অধ্যাপকের বন্ধুরা বিভিন্ন সময় এসে বলতে লাগলেন মরা ব্যাঙ যদিও বা নড়ে তাতে কি লাভ? কিন্তু সেই সামান্য ঘটনা কে কেন্দ্র করেই বিদ্যুতের বিভিন্ন গুন সম্বন্ধে নতুন নতুন আবিষ্কার শুরু হলো। এর দেড়শত বছরের মধ্যে বিদ্যুৎ শক্তি আবিষ্কার পৃথিবীর ইতিহাসের এক অতুলনীয় ঘটনা। এই আবিষ্কারের ফলে পৃথিবীর ইতিহাস ই যেন পাল্টে গেল।

**অ. মরা ব্যাঙ নড়ে ওঠে তাকে যদি স্পর্শ করানো হয়**

১. সোনা ও রুপোর তার দিয়ে ২. লোহা ও তামার তার দিয়ে। ৩. কয়লা দিয়ে ৪. ষ্টিল ও কপার দিয়ে।

**আ. বিদ্যুৎ শক্তির আবিষ্কারের ফলে কি হয়?**

১. বিজ্ঞানের আবিষ্কার হয় ২. পৃথিবীর ইতিহাস পরিবর্তিত হয়

৩. পৃথিবীতে নবযুগের সূচনা হয় ৪. পৃথিবীতে রাত্রি দিন হয়ে যায়।

**ই. অধ্যাপক গ্যালভানি কোন দেশের অধিবাসী ছিলেন?**

১. মধ্যপ্রদেশ ২. ইতালি দেশ ৩. রাশিয়া ৪. আমেরিকা।

**ঈ.মন্তব্য ক. মরা ব্যাঙ নড়ার ঘটনার পর বিদ্যুতের গুণ সম্বন্ধে আবিষ্কার হয়।**

**মন্তব্য খ. বিদ্যুৎ শক্তির এই আবিষ্কারের ফলে পৃথিবীর ইতিহাস পাল্টে গেল।**

১. মন্তব্য ক ভুল কিন্তু মন্তব্য খ ঠিক।

২. মন্তব্য ক ঠিক কিন্তু মন্তব্য খ ভুল।

৩ দুটি মন্তব্যই ভুল।

৪. মন্তব্য ক ও মন্তব্য খ দুটোই ঠিক

**উ. 'অনুসন্ধান' শব্দটির সমার্থক শব্দ হবে-**

১. পুরস্কৃত করা।

২. সন্ধান করা।

৩. ফেলে দেওয়া।

৪. আবিষ্কার করা।

(**খ**) উফা প্রদেশে ইলিয়াস নামে একজন বাসকির বাস করতেন। ইলিয়াসের বিয়ের এক বছর পরে যখন তার বাবা মারা যায় তখন সে না ধনী না দরিদ্র।সাতটা ঘোটকি, দুটো গরু আর কুড়িটা ভেড়া এই ছিল তার বিষয় সম্পত্তি। কিন্তু ইলিয়াসের সুব্যবস্থাপনায় তার সম্পত্তি বেশ কিছু দিন ধরেই বাড়তে লাগলো। সে আর তার স্ত্রী সকলের আগে ঘুম থেকে উঠে আর সকলের পরেই ঘুমোতে যায়।সকাল থেকে রাত পর্যন্ত কাজ করে ফলে প্রতিবছরই তাদের অবস্থার উন্নতি হতে লাগলো।

এইভাবে ৩৫ বছর পরিশ্রম করে তারা প্রচুর সম্পত্তি করে ফেললো। তখন তাদের ২০০ ঘোড়া, দেড়শো গরু-মোষ আর বারোশো ভেড়া।ভাড়া মজুররা তার গরু ঘোড়ার দেখাশোনা করে আর মজুরানিরা দুধ, দই, কুমিস,মাখন,পনির তৈরি করে। মোটকথা,ইলিয়াসের তখন খুব বোল বোলাও,পাশাপাশি সকলেই তাকে ঈর্ষা করে।বলে:ইলিয়াস তো ভাগ্যবান পুরুষ;কোন কিছুরই অভাব নেই;ওর তো মরবার ই দরকার নেই।

**অ. ইলিয়াস কোন প্রদেশের লোক ছিলেন?**

১. উত্তর প্রদেশের ২. কলকাতা ৩. বাসকি ৪.উফা

**আ. কত বছর পরিশ্রম করে ইলিয়াস প্রচুর পরিমাণে সম্পত্তি করেছিল?**

১.৩৩বছর ২.৩৫ বছর ৩.৫৩ বছর ৪.৫০ বছর

**ই. ইলিয়াসকে ভাগ্যবান পুরুষ বলে কাদের মনে হয়েছিল?**

১. পড়শীদের।

২. তার স্ত্রীর

৩. মজুরদের
৪. ইলিয়াসের পিতা মাতার

**ঈ. "ইলিয়াসে মরার দরকার নেই "**
**কারণ (১) ইলিয়াস খুব ধনী**
**কারণ (২) ইলিয়াসের খুব বোল বোলাও।**
১. কারণ (১) সত্য
২. কারণ (২) সত্য
৩. কারণ (১) এবং (২) উভয়েই ভুল
৪. কারণ (১) এবং (২) উভয়েই সত্য

**উ. বোল বোলাও শব্দটির অর্থ হল-**
১. রমরমা ২. গড়া ৩. মানিয়ে চলা ৪.উন্নত

## SECTION B (GRAMMAR)

### DESCRIPTIVE QUESTIONS

**২.ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্র গুলোর যেকোনো একটির উদাহরণসহ সংজ্ঞা লেখ।** **(৪×১=৪)**
অপিনিহিতি , স্বরসঙ্গতি

## SECTION C(LITERATURE)

**৩. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যেকোনো পাঁচটি(** **১×৫=৫**
**ক. দুষ্টু শনি বলতে কাদের বোঝানো হয়েছে**
১. গারোদের ২. মোড়লদের ৩. রাজাকে ৪. জমিদারদের ।

**খ. গারো পাহাড়ের অধিবাসীরা কার নেতৃত্বে বিদ্রোহ করেছিল?**
১. গোরাচাঁদ মাস্টার ২. হরিহর ৩. কেষ্ট তেলি ৪.যদুমোহন ।

**গ. হাতি বেগার আইন ছিল**
১. ৭০-৮০ বছর আগে ২. ৫০- ৬০ বছর আগে
৩. ৪০-৫০ বছর আগে ৪. ২০-৩০ বছর আগে।

**ঘ. গারো পাহাড়ে ঠিক নিচেই রয়েছে**
১. সুসং পরগনা ২. হিমালয় পর্বত ৩. সুমং পরগনা ৪. ধোলাই নদী ।

**ঙ. পাহাড়ি যে নদীটি সর্বদা রেগে টং হয়ে থাকে-**
১. হুমেশ্বর ২. সোমেশ্বরী ৩. বরাকর ৪. গোমতী ।

**চ. কোন মাসে গারো পাহাড়ে আগুন লাগে?**
১. বৈশাখ মাসে ২. চৈত্র মাসে ৩. ফাল্গুন মাসে ৪. আশ্বিন মাসে।

### DESCRIPTIVE QUESTIONS

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।**

**4.** অ) "দাঁতগুলো বের করে সে কামটের মতই হিংস্র ভঙ্গি করে" –
ক) কে,কার প্রতি এরূপ আচরণ করেছিল?
খ) তার এরূপ আচরণের কারণ বিশ্লেষণ কর। **(২+৩)×১=৫**

**অথবা**

আ) "ভাতে হাড় ঢুকিয়ে দিতে সে স্বর্গ সুখ পায় ভাতের স্পর্শে"
ক) কার কথা বলা হয়েছে এবং তার এই অনুভূতির কারণ কি?
খ) সে কিভাবে এই ভাত জোগাড় করেছিল গল্প অবলম্বনে লেখ।

**5.** "কিন্তু এমন দুর্যোগে ভগবানও কাথামুড়ি দিয়ে ঘুমোন বোধ করি"-কোন প্রসঙ্গে এই কথা বলা হয়েছে? **২**

**6.** "তুমি কি বুঝবে সতীশ বাবু"
সতীশবাবু সম্পর্কে কোন প্রসঙ্গে, কেন এ কথা বলা হয়েছিল? **৩**

**অথবা**

"এ সংসারের সব কিছুই চলে বড় পিসিমার নিয়মে"- বড় পিসিমার পরিচয় দাও।

7. অ)“শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়” -

ক)হাঁ করে কেন সবুজ খায় তা বিশ্লেষণ কর। ৩

**অথবা**

আ)“আমার দরকার শুধু গাছ দেখা”-

ক)কবির গাছ দেখা দরকার কেন?

**8. স্বপ্রসঙ্গ ব্যাখ্যা করে লিখ।** ৫

অ) “চোখ তো সবুজ চায়
দেহ চায় সবুজ বাগান”

**অথবা**

আ) “গাছগুলো তুলে আনো বাগানে বসাও।”

9. অ) “যেন রাবণের চিতা জ্বলছে তো জ্বলছেই”

ক) রাবনের চিতার মতো আগুন কারা কি উদ্দেশ্যে কোথায় জ্বালিয়েছে?

খ) এই আগুন কিভাবে তাদের সাহায্য করে? **(২+৩)×১=৫**

**অথবা**

আ) “একটা দুষ্টু শনি কোথায় কোন আনাচে যেন লুকিয়ে আছে”

ক) এখানে দুষ্টু শনি বলতে কাদের বোঝানো হয়েছে?

খ) আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

10. “কিন্তু হাতি বেগার আর চলল না”-হাতি বেগার আইন কি এবং তা চলল না কেন? ২

**11. বিজ্ঞাপন প্রস্তুত করো। (৬×১=৬)**

তোমাদের বিদ্যালয়ের একটি নতুন শাখার উদ্বোধন হতে চলেছে,ট সেই বিষয়ে একটি বিজ্ঞাপন প্রস্তুত কর।

**অথবা**

তোমাদের পার্শ্ববর্তী এলাকায় একটি নতুন স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন হবে সে বিষয়ে একটি বিজ্ঞাপন প্রস্তুত করো।